8900

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
পার্সোনেল ম্যানেজমেন্ট-১ শাখা
www.police.gov.bd

স্মারক নং- ৪৪.০১.০০০০.০১১.০১৯.০৩৪.২৫- ১৮৭৫

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ মে ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

নিম্নবর্ণিত এএসআই (নিরস্ত্র)'কে বিভাগীয় মামলার শাস্তির মেয়াদ শেষে এসআই (নিরস্ত্র) পদে পুনর্বহালের নিমিত্ত তার নামের পাশে বর্ণিত স্থানে বদলি করা হলো :

| ক্রঃ নং | পদবী, নাম, কর্মস্থল ও বিপি নম্বর | ইউনিট/রেঞ্জের নাম |
|---|---|---|
| ১. | এএসআই (নিরস্ত্র)/মোঃ মোস্তফা কামাল, চাঁদপুর জেলা<br>বিপি-৬৯৮৮০৬১২০২ | সিলেট রেঞ্জ |

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি : বর্ণনামতে।

স্বাক্ষর/-
(রায়হান উদ্দিন খান)
অ্যাডিশনাল ডিআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-১)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
addldigestt@police.gov.com

স্মারক নং- ৪৪.০১.০০০০.০১১.০১৯.০৩৪.২৫- ১৮৭৫/১(৬)

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ মে ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। ডিআইজি, চট্টগ্রাম রেঞ্জ/সিলেট রেঞ্জ, বাংলাদেশ পুলিশ
২। এআইজি (আইসিটি), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
৩। পুলিশ সুপার, চাঁদপুর/হবিগঞ্জ
৪। অফিস কপি

৬/৫/২০২৬

(রায়হান উদ্দিন খান)
বিপি৭৯০৫১০৩৩৩২
অ্যাডিশনাল ডিআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-১)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
addldigestt@police.gov.com

পার্সোনেল ম্যানেজমেন্ট-৩
ডায়েরী নং- 2202 তারিখ- ৮/৫
এআইজি (পিএম-৩)
অতি: পুলিশ সুপার (পিএম-৩)
অতি: পুলিশ সুপার (পিএম-৩)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রেঞ্জ ডিআইজি'র কার্যালয়
আলমপুর, সিলেট
www.digsylhet.police.gov.bd

স্মারক নং-৪৪.০১.৬০০০.০১৩.০২.০০৩.০১২.২০২৬- ৬৭৫৫ তারিখ:-৩০/০৪/২০২৬খ্রি.

প্রতি

এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

অতিঃ ডিআইজি (পার্সোঃ ম্যানেঃ-১)
ডায়েরী নং- ৮৯৯৬ তারিখ- ০৫/৫/২৬

বিষয়ঃ এসআই(নিরস্ত্র) পদে পুনঃবহালের নিমিত্ত বদলির আবেদন প্রেরণ প্রসংগে।

সূত্রঃ ০১। পুলিশ সুপার, হবিগঞ্জ এর স্মারক নং-২৭০৫/(আরও), তাং-২৯/০৪/২০২৬খ্রি.

উপর্যুক্ত সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত পুলিশ সদস্য এর হবিগঞ্জ জেলার বিভাগীয় মামলা নং-০৪/২০২২, তারিখ-১৮/০১/২০২২খ্রি. মূলে বিভাগীয় গুরুদন্ড হিসেবে ০৬(ছয়) বছরের জন্য এএসআই(নিঃ) পদাবনতি করে চূড়ান্ত আদেশ প্রদান করা হয়। পরবর্তীতে ডিআইজি, সিলেট রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, সিলেট বরাবর আপীল আবেদনের মাধ্যমে পদাবনতির সাজা আংশিক পরিবর্তন করে ০৪(চার) বছরের জন্য এসআই(নিঃ) পদ হতে এএসআই(নিঃ) পদে পদাবনতির আদেশ প্রদান করা হয়। নিম্নবর্ণিত এএসআই(নিঃ) এর পদাবনতির সাজা আগামী ০৮/০৫/২০২৬খ্রি. শেষ হবে । এমতাবস্থায় পদ সমন্বয়ের স্বার্থে বর্ণিত এএসআই(নিঃ)/মোঃ মোস্তুফা কামাল, বিপি-৬৯৮৮০৬১২০২ কে হবিগঞ্জ জেলায় বদলির জন্য এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-৩), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর পত্র প্রেরণের নিমিত্তে পুলিশ সুপার, হবিগঞ্জ কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অত্র কার্যালয়ে পত্র গৃহীত হয়েছে। এমতাবস্থায় বর্ণিত এএসআই(নিঃ)/মোঃ মোস্তুফা কামাল এর পদাবনত জনিত শূন্যপদ সমন্বয়ের জন্য বদলি সংক্রান্ত প্রতিবেদনখানা পরবর্তী কার্য ব্যবস্থা গ্রহনের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

PN-2

| ক্রম: | নাম, পদবী ও কর্মরত জেলা | বদলির কারণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | এএসআই(নিঃ)/মোঃ মোস্তুফা কামাল<br>বিপি-৬৯৮৮০৬১২০২, চাঁদপুর জেলা | পদাবনত প্রাপ্ত পদের মেয়াদ আগামী ০৮/০৫/২০২৬খ্রি. শেষ হওয়ায় পদ সমন্বয়ের স্বার্থে সিলেট রেঞ্জাধীন হবিগঞ্জ জেলা | |

সংযুক্ত : ০৫ পাতা।

পার্সোনেল ম্যানেজমেন্ট-১ শাখা
ডায়েরী নং- ৮৫৯ তারিখ- ০৫/০৫/২৬
জনাব আবদুল্লাহ আল জোবায়ের
এআইজি/শাকির
এএসআই/ম্যাজেদুর
এএসআই/রাজিবুল
জনাব সুজিত রঞ্জন রায়
এএসআই/মুহাম্মদ নজরুল ইসলাম
জনাব শারমিন খন্দকার
অ্যাডিশনাল এসপি

৩০/০৪/২০২৬
(মুহাম্মদ শরীফুল ইসলাম পিপিএম)
বিপি-৭৭০৬১২২২৫৪
পুলিশ সুপার (অ্যাডমিন এন্ড ফিন্যান্স)
পক্ষে-ডিআইজি, সিলেট রেঞ্জ
বাংলাদেশ পুলিশ, সিলেট
ফোন-৯৯৬৬৪৩২৬৯ ,ফ্যাক্স-৯৯৬৬৪৩২৭৪
E-mail-digsylhet@police.gov.bd

স্মারক নং-৪৪.০১.৬০০০.০১৩.০২.০০৩.০১২.২০২৬- ৬৭৫৫ তারিখ:-৩০/০৪/২০২৬খ্রি.

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
০১। অ্যাডিশনাল ডিআইজি(ডিঅ্যান্ডপিএস-২)/(আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
০২। পুলিশ সুপার, হবিগঞ্জ জেলা।
০৩। ইনচার্জ, কন্ট্রোলরুম, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, সিলেট-পত্রটি ই-মেইলে জেলা/ইউনিটে প্রেরণ নিশ্চিত করবেন।
০৪। অফিস নথি।

৩০/০৪/২০২৬
(মুহাম্মদ শরীফুল ইসলাম পিপিএম)
বিপি-৭৭০৬১২২২৫৪
পুলিশ সুপার (অ্যাডমিন এন্ড ফিন্যান্স)
পক্ষে-ডিআইজি, সিলেট রেঞ্জ
বাংলাদেশ পুলিশ, সিলেট
ফোন-৯৯৬৬৪৩২৬৯ ,ফ্যাক্স-৯৯৬৬৪৩২৭৪
E-mail-digsylhet@police.gov.bd

৫০

| ডিআইজি'র কার্যালয়, সিলেট | |
|---|---|
| ডিআইজি | |
| অতি: ডিআইজি | |
| পুলিশ সুপার | |
| অতি: পুলিশ সুপার | |
| স্টাফ অফিসার/এএসপি | |
| প্রধান সহকারী | |
| নং ২০২২৮ | তাং ৩০/৪/২৬ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ সুপারের কার্যালয়
হবিগঞ্জ।

স্মারক নং- ২৭০৫ /(আর.ও) তারিখ-২৯/০৪/২০২৬খ্রি.

বিষয়: হবিগঞ্জ জেলার সাবেক বর্তমানে বদলিসূত্রে চাঁদপুর জেলায় কর্মরত এএসআই(নিরস্ত্র)/মো: মোস্তফা কামাল (বিপি-৬৯৮৮০৬১২০২) এর এএসআই(নিরস্ত্র) পদ হতে এসআই(নিরস্ত্র) পদে পুন:বহালের নিমিত্ত বদলি বা পদাবনত জনিত শূণ্যপদ সমন্বয় করণ প্রসংগে।

সূত্র: হবিগঞ্জ জেলার বিভাগীয় মামলা নং-০৪/২০২২, তারিখ-১৮/০১/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এসআই(নিরস্ত্র) পদ হতে এএসআই(নিরস্ত্র) পদে পদাবনত মো: মোস্তফা কামাল (বিপি-৬৯৮৮০৬১২০২) হবিগঞ্জ জেলার সাবেক বর্তমানে চাঁদপুর জেলায় কর্মরত আছেন। তার বিরুদ্ধে সূত্রোক্ত বিভাগীয় মামলার আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় **বিভাগীয় গুরুদন্ড হিসেবে পুলিশ রেগুলেশন-৮৫৭/৮৫৮ এবং ৮৭২ বিধি মোতাবেক ০৬(ছয়) বছরের জন্য এসআই(নি:) (গ্রেড-১০) হতে এএসআই(নি:) (গ্রেড-১৪) পদে পদাবনতির** চূড়ান্ত আদেশ প্রদান করা হয়। যার হবিগঞ্জ জেলা আদেশ নং-৮৮১ তারিখ-০৮/০৫/২০২২খ্রি.। পরবর্তীতে তিনি উক্ত বিভাগীয় মামলার চূড়ান্ত আদেশে উল্লেখিত শাস্তির বিরুদ্ধে মাননীয় ডিআইজি, সিলেট রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, সিলেট মহোদয় বরাবর আপীল আবেদন করেন। তার আপীল আবেদনের প্রেক্ষিতে মাননীয় ডিআইজি, সিলেট রেঞ্জ বাংলাদেশ পুলিশ সিলেট মহোদয় আর্থ-সামাজিক অবস্থা ও তার চাকুরির দৈর্ঘ্য বিবেচনা করে ''০৬(ছয়) বছরের জন্য এসআই(নি:) (গ্রেড-১০) হতে এএসআই(নি:) (গ্রেড-১৪) পদে পদাবনতির সাজা'' **এর আংশিক পরিবর্তন করে ''০৪(চার) বছরের জন্য এসআই(নি:) (গ্রেড-১০) হতে এএসআই(নি:) (গ্রেড-১৪) পদে পদাবনতির সাজা'' প্রদান করেন।** যার সিলেট রেঞ্জ কার্যালয় আদেশ নং-৪৯৪/২০২২ তারিখ-১৪/০৮/২০২২খ্রি. এবং হবিগঞ্জ জেলা আদেশ নং-১৭৭৭ তারিখ-২৫/০৮/২০২২খ্রি.। **পদাবনতির পর এসআই(নিরস্ত্র) পদের শূণ্যপদটি সংরক্ষণ রাখা হয়। যার জেলা আদেশ নং-৮৮১ তারিখ-০৮/০৫/২০২২খ্রি.। উক্ত বিভাগীয় মামলায় প্রদত্ত এসআই(নিরস্ত্র) পদ হতে এএসআই(নিরস্ত্র) পদে পদাবনতির সাজা আগামী ০৮/০৫/২০২৬খ্রি. শেষ হবে।**

এমতাবস্থায় এসআই(নিরস্ত্র) পদ হতে এএসআই(নিরস্ত্র) পদে পদাবনত মো: মোস্তফা কামাল (বিপি-৬৯৮৮০৬১২০২)'কে এসআই(নিরস্ত্র) পদে পুনরায় পুন:বহালের নিমিত্ত হবিগঞ্জ জেলায় বদলি বা পদাবনত জনিত শূণ্যপদটি সমন্বয় করণের সদয় আদেশের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ০১. বিভাগীয় মামলার চূড়ান্ত আদেশের কপি-০৩(তিন) পাতা।
০২. আপীল আদেশ-০১(এক) পাতা।

২৯/৪/২৬
(মো: তারেক মাহমুদ)
বিপি-৮২১০১২৬৯০৮
পুলিশ সুপার, হবিগঞ্জ
ফোন: ০২৯৯৬৬০৪৫২০, ফ্যাক্স: ০২৯৯৬৬০৭১০৯
ই-মেইল: sphabigonj@police.gov.bd

**মাধ্যম:**

ডিআইজি, সিলেট রেঞ্জ
বাংলাদেশ পুলিশ, সিলেট।

**কার্যার্থে:**

এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

**জ্ঞাতার্থে:**

অ্যাডিশনাল ডিআইজি (ডিঅ্যান্ডপিএস-২)/(আরএন্ডসিপি-১),
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

# "চূড়ান্ত আদেশ"

[illegible]ই(নিঃ)/মোঃ মোস্তফা কামাল (বিপি-৬৯৮৮০৬১২০২) সাবেক স্বজনগ্রাম পুলিশ তদন্ত কেন্দ্র, লাখাই [illegible] পুলিশ লাইন্স, হবিগঞ্জ সংযুক্ত এর বিরুদ্ধে রুজুকৃত হবিগঞ্জ জেলার বিভাগীয় মামলা নং-০৪/২০২২ তারিখ-[illegible]২খ্রিঃ সংক্রান্তে চূড়ান্ত আদেশ।

---

এসআই(নিঃ)/মোঃ মোস্তফা কামাল (বিপি-৬৯৮৮০৬১২০২) সাবেক স্বজনগ্রাম পুলিশ তদন্ত কেন্দ্র, লাখাই থানা বর্তমানে পুলিশ লাইন্স, হবিগঞ্জ সংযুক্ত আছেন। জনৈক মোঃ শাফি মিয়া কিশোরগঞ্জ জেলাধীন অষ্টগ্রাম থানার একজন কৃষক। ২০১৬ সালে অভিযোগকারী পিতা জামির মিয়াকে খুন করাকে কেন্দ্র করে হবিগঞ্জ জেলাধীন লাখাই থানার স্বজনগ্রামের মস্ত মিয়া, পিতা-নশাই মিয়া ও সুহেল মিয়া, পিতা-মস্ত মিয়ার সাথে পূর্ব বিরোধ রয়েছে। বিগত ০৯/০৯/২০২১খ্রিঃ লাখাই বাজারে সংঘটিত সংঘর্ষের ঘটনার বিষয় তিনি লাখাই থানায় অফিসার ইনচার্জ লাখাই থানা, জনাব মোঃ সাইদুল ইসলাম'কে ১৪/০৯/২০২১খ্রিঃ মৌখিকভাবে অবগত করলে তিনি লিখিতভাবে অভিযোগ দায়ের করার পরামর্শ প্রদান করেন। ঘটনাস্থল এলাকার অর্থাৎ স্বজনগ্রাম তদন্ত কেন্দ্রের বিট অফিসার তথা তাকে উক্ত ঘটনার সত্যতা যাচাই করার জন্য অফিসার ইনচার্জ মৌখিক নির্দেশনা দিলে ১৬/০৯/২০২১খ্রিঃ তিনি লাখাই বাজারে সাবেক ইউনিয়ন পরিষদ সদস্য (মেম্বার) জনাব আব্দুল্লাহ এর সাথে কথা বলেন এবং মামলা রুজুর জন্য ২০,০০০/= টাকা দাবী করেন এবং সে মোতাবেক ১৮/০৯/২০২১খ্রিঃ অভিযোগকারী সংশ্লিষ্ট সাবেক মেম্বার আব্দুল্লাহকে নগদ ২০,০০০/= বুঝিয়ে দেন। নগদ টাকা দেবার পর ও মামলা রুজু না হওয়ায় অভিযোগকারী ও সংশ্লিষ্ট সাবেক মেম্বার আব্দুল্লাহর মধ্যে অবিশ্বাস দানা বাঁধে। এরই পরিপ্রেক্ষিতে বিগত ২৩/০৯/২০২১খ্রিঃ সন্ধ্যা ০৭.৫৮ ঘটিকায় অভিযোগকারী শাফি মিয়ার ব্যবহৃত মোবাইল সংযোগ ০১৯৯০-৯০৩৮০৯ হতে তার মোবাইল সংযোগ ০১৭১৮-৬৪১৮৭৮ এ অভিযোগকারী ও সংশ্লিষ্ট সাবেক মেম্বার আব্দুল্লাহ মামলা রুজু ও টাকা লেনদেনের ব্যাপারে কথা বলেন। রেকর্ডকৃত কথোপকথন পর্যালোচনায় প্রতীয়মান হয়, তিনি মামলা রুজুর আশ্বাস দিয়ে সংশ্লিষ্ট সাবেক মেম্বার আব্দুল্লাহর নিকট হতে ২০,০০০/=টাকা প্রাপ্ত হয়েছেন এবং মামলা রুজু করতে হলে আরও ৫০,০০০/=টাকার প্রয়োজন বলে দাবী করেন। পরবর্তীতে ০২/১০/২০২১খ্রিঃ অভিযোগটি লিখিত আকারে দায়ের করা হলে লাখাই থানার মামলা নং-০৩, তাং-০২/১০/২০২১খ্রিঃ, ধারা-১৪৩/৩২৩/৩২৫/৩২৬/৩০৭/৩৭৯/ ৫০৬/১১৪ পেনাল কোড রুজু হয়।

এছাড়াও ইতিপূর্বে ১। তিনি সিলেট জেলার বিয়ানীবাজার থানায় কর্মরত থাকাকালে থানার অফিসার ও ফোর্সদের সাথে শৃঙ্খলার বহির্ভূত আচরন করতেন এবং ক্ষমতার অপব্যবহার করে এলাকার লোকজনদের সাথে খারাপ আচরন করে মানুষকে টাকা দেওয়ার জন্য হয়রানি করার কারনে বিভাগীয় গুরুদন্ড হিসেবে শাস্তি স্বরুপ ০১টি ইনক্রিমেন্ট ০২ বছরের জন্য অস্থায়ীভাবে স্থগিত রাখার আদেশ প্রদান করা হয়। সিলেট জেলা আদেশ নং-৩০০৮, তারিখ-০২/০৮/২০০৬খ্রিঃ।

২। তিনি ডিএমপি, ঢাকার যাত্রাবাড়ী থানায় কর্মরত থাকাকালে যাত্রাবাড়ী থানার জিডি নং-৩৯৮, তারিখ-০৫/০৩/২০১০খ্রিঃ এর বিষয়ে তদন্ত করাকালীন সময় ১০,০০০/- টাকা নেওয়ার কারনে বিভাগীয় গুরুদন্ড হিসেবে শাস্তি স্বরুপ ০১ বছরের জন্য জৈষ্ঠতা বাজেয়াপ্তের আদেশ প্রদান করা হয়। ডিএমপি, ঢাকা আদেশ নং-১২১৬, তারিখ-২২/০৯/২০১০খ্রিঃ।

৩। তিনি হবিগঞ্জ জেলার সদর মডেল থানাধীন চৌধুরীবাজার পুলিশ ফাঁড়ীতে কর্মরত থাকাকালীন মেসার্স রহিম উল্লা অটো রাইস মিল করোনা ভাইরাস এর লকডাউনে মিল খোলা থাকার কারনে উক্ত মিলের মালিক জনাব হাজী রহমত উল্লাকে ভয়ভীতি দেখিয়ে ১০,০০০/- টাকা নেওয়ার কারনে তাকে হবিগঞ্জ জেলা আদেশ নং-৯৯৩ তারিখ-০২/০৪/২০২১খ্রিঃ মূলে সাময়িক বরখাস্ত করে বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলার গুরুদন্ড হিসেবে শাস্তি স্বরুপ ০৩টি ইনক্রিমেন্ট ০৫ বছরের জন্য অস্থায়ীভাবে স্থগিত রাখার আদেশ প্রদান করে সাময়িক বরখাস্ত হতে অব্যাহতি প্রদান করা হয়। হবিগঞ্জ জেলা আদেশ নং-১১৬৫ তারিখ-১৯/০৫/২০২০খ্রিঃ।

তিনি বাংলাদেশ সু-শৃঙ্খল পুলিশ বাহিনীর ২য় শ্রেণীর কর্মকর্তা হয়ে উৎকোচ গ্রহণের অপরাধে একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন। বর্তমানেও তিনি মামলা রুজুর আশ্বাস দিয়ে উৎকোচ গ্রহণ করেন। যা তার অভ্যাসগত অপরাধে পরিণত হয়েছে। ফলে জন সম্মুখে পুলিশ বাহিনীর ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন হয়েছে। তার এরূপ বিভাগীয় শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত হওয়া, পেশাগত অদক্ষতা এবং উৎকোচ গ্রহণ অভ্যাসগত ও বিভাগীয় শাস্তিযোগ্য অপরাধ।

তার উক্ত কার্যকলাপের বিষয়ে জনাব পলাশ রঞ্জন দে, অতিরিক্ত পুলিশ সুপার, বানিয়াচং সার্কেল, হবিগঞ্জ কর্তৃক দাখিলকৃত অনুসন্ধান প্রতিবেদন প্রাপ্ত হয়ে তাকে কৈফিয়ত তলব করা হয়। যা অত্রাফিস স্মারক নং-৭৮৬৪/(আরওআই) তারিখ-০১/১২/২০২১খ্রিঃ মূলে সংরক্ষিত পুলিশ পরিদর্শক, পুলিশ লাইন্স, হবিগঞ্জ এর মাধ্যমে তাকে অবহিত করা হয়। তিনি কৈফিয়ত তলবনামার কপি প্রাপ্ত হয়ে লিখিত জবাব দাখিল করেন। জবাবে তিনি উল্লেখ করেন যে, তার বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পুর্ণ মিথ্যা, বানোয়াট, উদ্দেশ্য প্রণোদিত সাজানো। আব্দুল্লা মেম্বার ডাকাতি মামলা হতে বাচার জন্য সু কৌশলে পরিকল্পিতভাবে ঘটনা সাজিয়ে তার বিরুদ্ধে এই অভিযোগ করেছে মর্মে উল্লেখ করে কৈফিয়ত এর দায় হতে অব্যাহতির জন্য প্রার্থনা করেন এবং ব্যক্তিগত শুনানীতে হাজির হতে ইচ্ছুক মর্মে উল্লেখ করেন। তৎপ্রেক্ষিতে গত ১৫/১২/২০২১খ্রিঃ ব্যক্তিগত শুনানীর দিন ধার্য ছিল। তিনি ব্যক্তিগত শুনানীতে হাজির হয়ে নিজ বক্তব্য পেশ করেন। তার মৌখিক বক্তব্য ও দাখিলকৃত লিখিত জবাব পর্যালোচনায় সন্তোষজনক না হওয়ায় অভিযোগনামা গঠন করা হয়।

...র কপি অত্রাফিস স্মারক নং-৮১০৬/(আরওআই) তারিখ-১৫/১২/২০২১খ্রিঃ মূলে সংরক্ষিত পুলিশ ... লাইন্স, হবিগঞ্জ এর মাধ্যমে তাকে অবহিত করা হয়। তিনি অভিযোগনামার কপি গত ১৭/১২/২০২১খ্রিঃ ... রাখেন এবং লিখিত জবাব দাখিল করেন। জবাবে তিনি উক্ত অভিযোগ বিষয়ে সম্পূর্ণভাবে নির্দোষ। তার ... স্বার্থান্বেষী ব্যক্তি অবৈধ লাভের উদ্দেশ্যে ষড়যন্ত্রমূলকভাবে অভিযোগ আনয়ন করে মর্মে উল্লেখ করে ...র জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে হাজির হয়ে নিজ বক্তব্য পেশ করতে ইচ্ছুক মর্মে উল্লেখ ... বর্ণিত সাময়িক বরখাস্তকৃত এসআই গত ২৩/১২/২০২১খ্রিঃ হতে কেন্দ্রীয় পুলিশ হাসাপাতাল রাজারবাগ, ঢাকা ভর্তি ... হাজির হওয়ার সাপেক্ষে উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। পরবর্তীতে তিনি ০৬/০১/২০২১খ্রিঃ ...ঘটিকায় রিজার্ভ অফিস, হবিগঞ্জ এসে হাজির হন। তৎপ্রেক্ষিতে ১৮/০১/২০২১খ্রিঃ ব্যক্তিগত শুনানী দিন ধায্য পূর্বক অত্রাফিস স্মারক নং-২৩০/(আরওআই) তারিখ-১২/০১/২০২১খ্রিঃ মূলে সংরক্ষিত পুলিশ পরিদর্শক, পুলিশ লাইন্স, হবিগঞ্জ এর মাধ্যমে তাকে অবহিত করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীতে হাজির হয়ে নিজ বক্তব্য প্রদান করেন। তার মৌখিক বক্তব্য ও দাখিলকৃত লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় অভিযুক্ত সাময়িক বরখাস্ত এসআই(নিঃ)/মোঃ মোস্তফা কামাল (বিপি-৬৯৮৮০৬১২০২) এর বিরুদ্ধে আনীত অভিযোগ আনুষ্ঠানিক তদন্তের জন্য পিআরবি-৮৬১ বিধি মোতাবেক হবিগঞ্জ জেলার পুলিশ বিভাগীয় মামলা নং-০৪/২০২২ তারিখ-১৮/০১/২০২২খ্রিঃ জনাব শৈলেন চাকমা, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ), হবিগঞ্জ'কে তদন্তকারী কর্মকর্তা হিসাবে নিয়োগ করা হয়।

তদন্তকারী কর্মকর্তা মামলাটি তদন্ত শেষে তদন্ত প্রতিবেদন "ফাইন্ডিংস" দাখিল করেন। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত "ফাইন্ডিংস" পর্যালোচনাক্রমে দেখা যায় তিনি ১৪(চৌদ্দ) জন সাক্ষীর জবানবন্দি গ্রহণ করেন, মামলার প্রসিকিউশনের পক্ষে ১১(এগার)টি কাগজ প্রদর্শণী হিসাবে চিহ্নিত করেন এবং তার চাকুরীর বিবরণী পর্যালোচনা করেন। বিভাগীয় মামলা তদন্তকালে অভিযুক্ত এসআই(নিঃ)'কে সাক্ষীদের জেরা করা ও আত্মপক্ষমূলক জবানবন্দী প্রদানের সুযোগ দেন। তিনি সাক্ষীদেরকে জেরা করেন। তিনি আত্মপক্ষ সমর্থনমূলক লিখিত বক্তব্য প্রদান করেন এবং ০৫(পাঁচ) জন সাফাই সাক্ষী উপস্থাপন করেন।

বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তার তদন্তে সিডিআর পর্যালোচনায় দেখা যায় গত ২৩/০৯/২০২১খ্রিঃ সন্ধ্যায় অভিযোগকারী শাফি মিয়ার ব্যবহৃত মোবাইল নং-০১৯৯০-৯০৩৮০৯ হতে অভিযুক্ত এসআই(নিঃ)/মোঃ মোস্তফা কামাল এর ব্যবহৃত মোবাইল নং-০১৭১৮-৬৩১৮৭৮ এ অভিযোগকারী ও সংশ্লিষ্ট সাবেক মেম্বার আব্দুল্লাহ মামলা রুজু ও টাকা লেনদেনের ব্যাপারে কথা বলেন। এইচ এস এম সোহরাওয়ার্দী, পুলিশ পরিদর্শক আইটি ফরেনসিক, বাংলাদেশ পুলিশ, সিআইডি, ঢাকা কর্তৃক অভিযুক্ত এসআই(নিঃ) এর কণ্ঠস্বরের সাথে মোবাইল ফোনে কথোপকথনের অডিও রেকর্ডিং এর মিল পাওয়া গিয়েছে। অর্থাৎ কথোপকথন পর্যালোচনায় অভিযুক্ত এসআই(নিঃ)/মোঃ মোস্তফা কামাল মামলা রুজুর আশ্বাস দিয়ে শাফি মিয়ার কাছ থেকে ২০,০০০/-টাকা নেওয়ার বিষয়ে এবং মামলা রুজু করতে হলে আরও ৫০,০০০/-টাকা দাবী করার বিষয়ে সত্যতা পাওয়া গিয়েছে। যা তার কর্তব্যে কর্মে চরম দূর্নীতি, শৃঙ্খলা বহির্ভূত, দায়িত্বহীনতা ও অসদাচরণের সামিল। ফলে জন সম্মুখে পুলিশের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন হয়েছে।

বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তার তদন্তকালে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ সাক্ষ্য প্রমাণে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। তার চাকুরীকাল দীর্ঘ হওয়ায় মানবিক দৃষ্টিকোণ বিবেচনা করে তাকে চাকুরী হতে বরখাস্ত বা অপসারণ না করে তাকে অত্র বিভাগীয় মামলার শাস্তিস্বরূপ গুরুদন্ড হিসেবে পিআরবি-৮৭২ বিধি মোতাবেক এসআই(নিঃ)/মোঃ মোস্তফা কামালকে চূড়ান্ত আদেশের তারিখ হতে ০৬(ছয়) বছরের জন্য এসআই(নিঃ) (গ্রেড-১০) হতে এএসআই(নিঃ) (গ্রেড-১৪) পদে পদাবনতি এবং সাময়িক বরখাস্তকালীন তিনি যা খোরপোষ ভাতাদি ভোগ করেছেন তা অতিরিক্ত কিছু পাবেন না মর্মে সুপারিশ করে তদন্ত প্রতিবেদন (ফাইন্ডিংস) দাখিল করেন।

তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন "ফাইন্ডিংস" এর কপি অত্রাফিস স্মারক নং ২১৬৭/(আরওআই) তারিখ-১৯/০৪/২০২২খ্রিঃ মূলে সংরক্ষিত পুলিশ পরিদর্শক, পুলিশ লাইন্স, হবিগঞ্জ এর মাধ্যমে ত নিকট জারী করা হয় এবং ২১/০৪/২০২২খ্রিঃ ব্যক্তিগত শুনানীর দিন ধার্য পূর্বক অত্রাফিস স্মারক নং-২১৬৯/(আরওআ তারিখ-১৯/০৪/২০২২খ্রিঃ মূলে সংরক্ষিত পুলিশ পরিদর্শক, পুলিশ লাইন্স, হবিগঞ্জ এর মাধ্যমে অভিযুক্ত এসআই(নিঃ)' অবহিত করা হয়। তিনি ফাইন্ডিংসের প্রেক্ষিতে ব্যক্তিগত শুনানীতে হাজির হয়ে আলোচ্য বিভাগীয় মামলার দায় হ অব্যাহতির জন্য মৌখিকভাবে প্রার্থনা করেন। তার মৌখিক বক্তব্য সন্তোষজনক না হওয়ায় এবং বিভাগীয় মাম তদন্তকারী কর্মকর্তার তদন্তকালে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সাক্ষ্য প্রমাণে সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তদন্তক কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন (ফাইন্ডিংস) এর প্রস্তাবকৃত সাজার সহিত একমত পোষণ করতঃ পিআর ৮৫৭/৮৫৮ এবং ৮৭২ বিধি মোতাবেক এসআই(নিঃ)/মোঃ মোস্তফা কামাল (বিপি-৬৯৮৮০৬১২০২) চূড়ান্ত আদে তারিখ হতে ০৬(ছয়) বছরের জন্য এসআই(নিঃ) (গ্রেড-১০) হতে এএসআই(নিঃ) (গ্রেড-১৪) পদে পদাবনতির সাম আদেশ প্রদান করা হয় এবং ২১/০৪/২০২২খ্রিঃ অপরাহ্নে সাময়িক বরখাস্ত হতে অব্যাহতি প্রদান করা হয়। উল্লেখ্য সাময়িক বরখাস্তকালীন যা খোরপোষ ভাতাদি ভোগ করেছেন তার অতিরিক্ত কিছু পাবেন না।

সাময়িক আদেশের কপি অত্রাফিস স্মারক নং-২২১০/(আরওআই) তারিখ-২১/০৪/২০২২খ্রিঃ মূলে সংরক্ষিত প পরিদর্শক, পুলিশ লাইন্স, হবিগঞ্জ এর মাধ্যমে তার নিকট জারী করা হয়। সাময়িক আদেশের কপি তিনি ২৮/০৪/২০২২খ্রিঃ নিজ স্বাক্ষরে বুঝে রাখেন। তিনি সাময়িক আদেশের কপি প্রাপ্ত হয়ে লিখিত জবাব দাখিল করেন। য ০১/০৫/২০২২খ্রিঃ অত্রাফিসে গৃহীত হয়। জবাবে তিনি অভিযোগের দায় হতে অব্যাহতির জন্য প্রার্থনা করেন এবং ব্যা শুনানীতে হাজির হতে ইচ্ছুক মর্মে উল্লেখ করেন। তৎপ্রেক্ষিতে ০৮/০৫/২০২২খ্রিঃ মূলে অত্রাফিস স্মারক ২৪৩৭/(আরওআই) তারিখ-০২/০৫/২০২২খ্রিঃ মূলে সংরক্ষিত পুলিশ পরিদর্শক, পুলিশ লাইন্স, হবিগঞ্জ এর মাধ্যমে অবহিত করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীতে হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। বক্তব্য শুনলাম। মৌখিক বক্ত দাখিলকৃত সাময়িক আদেশের লিখিত জবাব পর্যালোচনায় সন্তোষজনক নয়।

5322

সমস্ত বিভাগীয় মামলার অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন (ফাইন্ডিংস), চাকুরীর খতিয়ান সাক্ষীদের জবানবন্দি, সাময়িক আদেশের লিখিত জবাব ও বিভাগীয় মামলার নথি সংশ্লিষ্ট কাগজপত্রাদি ভালোভাবে পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তকারী কর্মকর্তার তদন্ত ও সাক্ষ্য প্রমাণে সন্দেহাতীতভাবে প্রমানিত হওয়ায় এবং অভিযুক্তের মৌখিক বক্তব্য ও সাময়িক আদেশের লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় মামলাটি নিষ্পত্তিতে অহেতুক বিলম্ব না করে গত ২১/০৪/২০২২খ্রিঃ প্রদেয় সাময়িক আদেশের প্রস্তাবিত সাজা বহাল রেখে তার কৃত অপরাধের উপযুক্ত শাস্তিস্বরূপ বিভাগীয় গুরুদন্ড হিসেবে অভিযুক্ত এসআই(নিঃ)/মোঃ মোস্তফা কামাল (বিপি-৬৯৮৮০৬১২০২)'কে পিআরবি-৮৫৭/৮৫৮ এবং ৮৭২ বিধি মোতাবেক অদ্য ০৮/০৫/২০২২খ্রিঃ হতে ০৬(ছয়) বছরের জন্য এসআই(নিঃ) (গ্রেড-১০) হতে এএসআই(নিঃ) (গ্রেড-১৪) পদে পদাবনতির চূড়ান্ত আদেশ প্রদান করা হলো। পদাবনতির দরুণ তিনি এএসআই(নিরস্ত্র) ১৪ গ্রেডে বিধি মোতাবেক বেতন ভাতাদি প্রাপ্য হবেন। তার পদাবনতির পূর্বের এবং পদাবনতির পরের চাকুরীর সময়কালকে গণনা করে টাইমস্কেল প্রদানের কোন প্রতিবন্ধকতা সৃষ্টি করবে না।

০৮/৫/২০২২

(এস এম মুরাদ আলি)
বিপি-৭২০৫১০৩৩২৬
পুলিশ সুপার, হবিগঞ্জ।
ফোন-৬২১০১, ফ্যাক্স-৬২১০২
ই-মেইল sphabigonj@police.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রেঞ্জ ডিআইজি'র কার্যালয়,
সিলেট।
www.police.gov.bd

আদেশ

তারিখ- ১৪/০৮/২০২২খ্রিঃ।

২০২২
হবিগঞ্জ জেলার সাবেক এসআই(নিঃ) বর্তমানে এএসআই(নিঃ) পদে পদাবনতি প্রাপ্ত এএসআই(নিঃ)/মোঃ মোস্তফা কামাল,
১২০২ বর্তমানে বদলিসূত্রে ট্যুরিস্ট পুলিশ, কুয়াকাটা রিজিয়নে কর্মরত এর বিরুদ্ধে রুজুকৃত হবিগঞ্জ জেলার বিভাগীয় মামলা নং-
২০২২ তারিখ-১৮/০১/২০২২খ্রিঃ মূলে পিআরবি-৮৫৭/৮৫৮/৮৭২ বিধি মোতাবেক গুরুদন্ড স্বরূপ "০৬(ছয়) বছরের জন্য এসআই (নিরস্ত্র) হতে
এসআই (নিরস্ত্র) (গ্রেড-১৪) পদে পদাবনতি" সাজা মওকুফের নিমিত্তে আপিল আবেদনের উপর ডিআইজি, সিলেট রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, সিলেট
এর পিআরবি-৮৮৪ বিধি মোতাবেক আপিল আদেশঃ-

---

আপিলকারির বিরুদ্ধে রুজুকৃত হবিগঞ্জ জেলার বিভাগীয় মামলা নং-০৪/২০২২ তারিখ-১৮/০১/২০২২খ্রিঃ মূলে পিআরবি-৮৫৭/৮৫৮/৮৭২ বিধি মোতাবেক গুরুদন্ড স্বরূপ "০৬(ছয়) বছরের জন্য এসআই (নিরস্ত্র) হতে এএসআই (নিরস্ত্র) (গ্রেড-১৪) পদে পদাবনতি" সাজা মওকুফের জন্য তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে গত ১৮/০৫/২০২২খ্রিঃ অত্রাফিসে আপিল আবেদন দাখিল করেন।

তার দাখিলকৃত আপিল আবেদন মূল্যায়নের নিমিত্তে আপিল আবেদনের উপর অনুচ্ছেদওয়ারী জবাব, বিভাগীয় মামলার মূলনথি এবং চাকুরীর খতিয়ান বহি অত্রাফিসে প্রেরণের জন্য অত্রাফিসের স্মারক নং-৪৪.০১.৬০০০.০১৯.০১.১৫.২০২২/৫০৭০, তারিখ-২৯/০৫/২০২২খ্রিঃ মূলে পুলিশ সুপার, হবিগঞ্জ বরাবর প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে পুলিশ সুপার, হবিগঞ্জ স্মারক নং-৩৮১৩/(আরওআই), তারিখ-০৭/০৭/২২খ্রিঃ মূলে অনুচ্ছেদওয়ারী জবাব, বিভাগীয় মামলার মুলনথি অত্রাফিসে প্রেরণ করলে অত্রাফিসের রিসিভ স্মারক নং-৪৯৫০, তারিখ-১৪/০৭/২০২২খ্রিঃ মূলে এবং পুলিশ সুপার, মৌলভীবাজার স্মারক নং-৫৫০/(আরও, সার্ভিস), তারিখ-২৬/০৭/২০২২খ্রিঃ মূলে চাকরির খতিয়ান বহি অত্রাফিসে প্রেরণ করলে অত্রাফিস রিসিভ স্মারক নং-৬১২৬, তারিখ-৩০/০৭/২০২২খ্রিঃ মূলে গৃহিত হয়।

আপিলকারির অদ্য ১৪/০৮/২০২২খ্রিঃ ব্যক্তিগত শুনানীর দিন ধার্য্য থাকায় তিনি হাজির হয়েছেন। তার মৌখিক বক্তব্যে নিজেকে নির্দোষ দাবী করেন এবং প্রদত্ত গুরুদন্ড মওকুফের আবেদন করেন। বিভাগীয় মামলার মূলনথি, আপিল আবেদন, পুলিশ সুপার, হবিগঞ্জ কর্তৃক প্রেরিত আপিল আবেদনের উপর অনুচ্ছেদওয়ারী জবাব ও চাকরির খতিয়ানবহি সংশ্লিষ্ট সকল কাগজপত্রাদি পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করলাম।

পর্যালোচনায় দেখা যায় যে, আপিলকারি হবিগঞ্জ জেলার সাবেক এসআই(নিঃ) বর্তমানে এএসআই(নিঃ) পদে পদাবনতি প্রাপ্ত এএসআই(নিঃ)/মোঃ মোস্তফা কামাল, বিপি-৬৯৮৮০৬১২০২ বর্তমানে বদলিসূত্রে ট্যুরিস্ট পুলিশ, কুয়াকাটা রিজিয়নে কর্মরত আছেন। তিনি হবিগঞ্জ জেলার লাখাই থানায় কর্মরত থাকাকালে জনৈক মোঃ শাফি মিয়া, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ এর পিতা জামির মিয়াকে ২০১৬ সালে খুন করাকে কেন্দ্র করে হবিগঞ্জ জেলাধীন লাখাই থানার স্বজন গ্রামের মস্ত মিয়া, পিতা-নশাই মিয়া ও সুহেল মিয়া, পিতা-মস্ত মিয়ার সাথে পূর্ব বিরোধের জের ধরে গত ০৯/০৯/২০২১খ্রিঃ লাখাই বাজারে উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ ঘটে। সংঘটিত সংঘর্ষের ঘটনার বিষয়ে লাখাই থানার অফিসার ইনচার্জ/জনাব মো: সাইদুল ইসলাম'কে গত ১৪/০৯/২০২১খ্রিঃ মৌখিকভাবে অবগত করলে অফিসার ইনচার্জ মোঃ শাফি মিয়া 'কে লিখিতভাবে অভিযোগ দায়ের করার পরামর্শ প্রদান করেন। ঘটনাস্থল এলাকার অর্থাৎ স্বজনগ্রাম তদন্ত কেন্দ্রের বিট অফিসার আপিলকারীকে উক্ত ঘটনার সত্যতা যাচাই করার জন অফিসার ইনচার্জ মৌখিক নির্দেশনা দিলে তিনি গত ১৬/০৯/২০২১খ্রিঃ লাখাই বাজারে সাবেক ইউনিয়ন পরিষদ সদস্য (মেম্বার) জনাব আব্দুল্লাহ এ সাথে কথা বলেন এবং মামলা রুজুর জন্য ২০,০০০/= টাকা দাবী করেন। সে মোতাবেক গত ১৮/০৯/২০২১খ্রিঃ মোঃ শাফি মিয়া সংশ্লিষ্ট সাবেক মেম্বার আব্দুল্লাহ এর নিকট নগদ ২০,০০০/= বুঝিয়ে দেন। নগদ টাকা দেয়ার পর ও মামলা রুজু না হওয়ায় মোঃ শাফি মিয়া ও সাবেক মেম্বা আব্দুল্লাহর মধ্যে অবিশ্বাসের দানা বাঁধে। এরই পরিপ্রেক্ষিতে গত ২৩/০৯/২০২১খ্রিঃ সন্ধ্যা ০৭.৫৮ ঘটিকায় মোঃ শাফি মিয়ার ব্যবহৃত মোবাইল নম্ব ০১৯৯০-৯০৩৮০৯ হতে আপিলকারীর মোবাইল নম্বর ০১৭১৮-৬৩১৮৭৮ এ মোঃ শাফি মিয়া ও সাবেক মেম্বার আব্দুল্লাহ মামলা রুজু ও টা লেনদেনের ব্যাপারে কথা বলেন। রেকর্ডকৃত কথোপকথন পর্যালোচনায় প্রতীয়মান হয়, তিনি মামলা রুজুর আশ্বাস দিয়ে সংশ্লিষ্ট সাবেক মেম্ব আব্দুল্লাহর নিকট হতে ২০,০০০/=টাকা প্রাপ্ত হয়েছেন এবং মামলা রুজু করতে হলে আরও ৫০,০০০/=টাকার প্রয়োজন বলে দাবী করেন। পরবর্তী গত ০২/১০/২০২১খ্রিঃ উক্ত সংঘর্ষের ঘটনাটি থানায় লিখিত অভিযোগ আকারে দায়ের করা হলে লাখাই থানার মামলা নং-০৩, ত ০২/১০/২০২১খ্রিঃ, ধারা-১৪৩/৩২৩/৩২৫/৩২৬/৩০৭/৩৭৯/৫০৬/১১৪ পেনাল কোড রুজু হয়।

আপিলকারী বাংলাদেশ সু-শৃঙ্খল পুলিশ বাহিনীর একজন ২য় শ্রেণীর কর্মকর্তা হয়ে উৎকোচ গ্রহণের অপরাধে একাধিকবার গুরুদন্ড হয়েছেন। বর্তমানেও তিনি মামলা রুজুর আশ্বাস দিয়ে উৎকোচ গ্রহণ করেন। যা তার অভ্যাসগত অপরাধে পরিণত হয়েছে। ফলে জনসম্মুখে পু বাহিনীর ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন হয়েছে। তার এরূপ বিভাগীয় শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত হওয়া, পেশাগত অদক্ষতা এবং উৎকোচ অভ্যাসগত ও বিভাগীয় শাস্তিযোগ্য অপরাধ

আপিলকারির বিভাগীয় মামলার মূলনথি পর্যালোচনায় দেখা যায় যে, পিআরবি-৮৬১ বিধি অনুযায়ী বিভাগীয় মামলা পরিচালনার পিআরবি-৮৫৬ বিধি অনুস্মরণ করার নির্দেশনা থাকলেও তা যথাযথভাবে অনুস্মরণ করা হয়নি। তাছাড়া বর্তমান আর্থ-সামাজিক অবস্থা ও তার চা দৈর্ঘ্য বিবেচনা করে পুলিশ সুপার, হবিগঞ্জ এর আদেশ নং-৮৮১, তারিখ-০৮/০৫/২০২২খ্রিঃ মূলে "০৬ (ছয়) বছরের জন্য এসআই(নিরস্ত্র) এএসআই(নিরস্ত্র) (গ্রেড-১৪) পদে পদাবনতি" সাজার আদেশ আংশিক পরিবর্তন করে "০৪ (চার) বছরের জন্য এসআই (নিরস্ত্র) হতে এএস (নিরস্ত্র) (গ্রেড-১৪) পদে পদাবনতি" সাজার আপিল আদেশ প্রদান করা হলো।

১৪/৮/২০২২
(মফিজ উদ্দিন আহম্মেদ, পিপিএম)
বিপি-৭১৯৮০৬৩৫৮১
ডিআইজি, সিলেট রেঞ্জ
বাংলাদেশ পুলিশ, সিলেট।
তারিখ- ১৪/০৮/২০

স্মারক নং-৪৪.০১.৬০০০.০১৯.০১.১৫.২০২২/৭৫২৩/১(৩)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

০১। পুলিশ সুপার, হবিগঞ্জ জেলা/পুলিশ সুপার(প্রশাসন ও অর্থ), ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
০২। এএসআই(নিঃ)/মোঃ মোস্তফা কামাল, বিপি-৬৯৮৮০৬১২০২ ট্যুরিস্ট পুলিশ, কুয়াকাটা রিজিয়ন।
০৩। অফিস নথি।

১৪/৮/২০২২
(মফিজ উদ্দিন আহম্মেদ, পিপিএম)
বিপি-৭১৯৮০৬৩৫৮১
ডিআইজি, সিলেট রেঞ্জ
বাংলাদেশ পুলিশ, সিলেট।